# পঞ্চগড় পৌরসভা কার্যালয়
পঞ্চগড়।

স্মারক নং- পঞ্চঃপৌরঃ/মার্কেট/২-১৪৬৯/২০২৫/ ১০৯৮

তারিখ-২১../০৬/২০২৫ খ্রিঃ।

## “পঞ্চগড় পৌরসভার নব-নির্মিত পৌর সুপার মার্কেট-এর দোকান ঘর বরাদ্দ পুনঃ বিজ্ঞপ্তি”

(বিজ্ঞপ্তি নং- ০৫/২০২৪-২০২৫ খ্রিঃ)

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পঞ্চগড় পৌরসভার নব-নির্মিত পৌর সুপার মার্কেট-এর নিম্নোক্ত ৪৬টি দোকান ঘর অস্থায়ী ভিত্তিতে পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা ২০০৩ অনুযায়ী বরাদ্দ প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তি/ব্যবসায়ীগণের নিকট হতে সীলমোহরকৃত খামে শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০১. দরপত্র সিডিউল বিক্রয়ের দপ্তরসমূহ : ক) পঞ্চগড় পৌরসভা কার্যালয়, পঞ্চগড় (হিসাব শাখা)।
খ) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।

০২. দরপত্র সিডিউল গ্রহণের দপ্তরসমূহ : ক) পঞ্চগড় পৌরসভা কার্যালয়, পঞ্চগড়।
খ) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।

০৩. দরপত্র সিডিউল খোলার স্থান : সভাকক্ষ, পঞ্চগড় পৌরসভা কার্যালয়, পঞ্চগড়।

০৪. দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের ক্যালেন্ডার (সময়সূচী)

| ক্রমিক নং/ পর্যায় নং | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র সিডিউল দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | দরপত্র সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ম বার | ০২-০৭-২০২৫, অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৩-০৭-২০২৫, বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত | ০৩-০৭-২০২৫, বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত | ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) | উল্লিখিত তারিখ অনুযায়ী কাংখিত দর না পাওয়া গেলে এবং দাখিলকৃত দর অনুমোদিত না হলে পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যাহত থাকবে। তবে যে কোন বার দরপত্র গৃহিত/ অনুমোদিত হলে পরবর্তীতে উক্ত দরপত্র সংক্রান্ত কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে। |
| ২য় বার | ০৭-০৭-২০২৫, অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৮-০৭-২০২৫, বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত | ০৮-০৭-২০২৫, বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত | | |
| ৩য় বার | ১৩-০৮-২০২৫, অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৪-০৮-২০২৫, বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত | ১৪-০৮-২০২৫, বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত | | |

০৫. বরাদ্দযোগ্য দোকান ঘরের বিবরণ :

| ক্রমিক নং | ব্লক নং | দোকান নং | দোকানের আয়তন (বর্গফুট) | ৩ বছর মেয়াদের জন্য সালামীর পরিমাণ | ৬ বছর মেয়াদের জন্য সালামীর পরিমাণ | সর্বনিম্ন মাসিক ভাড়ার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | A | ০১ | ১০′-৭″ × ১১′-১″ = ১১৬.২৬ বর্গফুট | ৬৫,০০০.০০ | ১,২৮,০০০.০০ | ১,২০০.০০ | |
| ০২. | | ০২ | ১০′-৭″ × ১০′-৬″ = ১১০ বর্গফুট | ৬৫,০০০.০০ | ১,২১,০০০.০০ | ১,১০০.০০ | |
| ০৩. | | ০৩ | ১১′-০″ × ১১′-৪″ = ১২২.৪ বর্গফুট | ৮০,০০০.০০ | ১,৩৫,০০০.০০ | ১,২০০.০০ | |
| ০৪. | | ০৪ | ১০′-৩″ × ১১′-৪″ = ১১৪.৪ বর্গফুট | ৬৫,০০০.০০ | ১,২৬,০০০.০০ | ১,১০০.০০ | |
| ০৫. | | ০৫ | ১০′-৩″ × ১১′-৪″ = ১১২.৫ বর্গফুট | ৬৫,০০০.০০ | ১,২৪,০০০.০০ | ১,১০০.০০ | |
| ০৬. | | ০৬ | ৯′-৫″ × ১১′-৪″ = ১০৬.৭ বর্গফুট | ৬০,০০০.০০ | ১,১৭,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ০৭. | | ০৭ | ৯′-৫″ × ১১′-৪″ = ১০৫.৬ বর্গফুট | ৬০,০০০.০০ | ১,১৬,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ০৮. | | ০৮ | ৯′-১০″ × ১১′-৪″ = ১০৯.৪ বর্গফুট | ৬৫,০০০.০০ | ১,২০,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ০৯. | | ০৯ | ১০′-৫″ × ১১′-৪″ = ১১৪ বর্গফুট | ৬৫,০০০.০০ | ১,২৬,০০০.০০ | ১,১০০.০০ | |
| ১০. | | ১০ | ৯′-১০″ × ১১′-৪″ = ১১১.৪ বর্গফুট | ৬৫,০০০.০০ | ১,২৩,০০০.০০ | ১,১০০.০০ | |
| ১১. | | ১১ | ১১′-০″ × ১১′-৪″ = ১২১.৩ বর্গফুট | ৭০,০০০.০০ | ১,৩৩,৫০০.০০ | ১,২০০.০০ | |
| ১২. | | ১২ | ৯′-১০″ × ১১′-৪″ = ১১৪.৮ বর্গফুট | ৬৫,০০০.০০ | ১,২৫,৫০০.০০ | ১,১০০.০০ | |
| ১৩. | B | ১৩ | ১০′-৫″ × ১০′-১১″ = ১১০.৫ বর্গফুট | ৬০,০০০.০০ | ১,১০,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ১৪. | | ১৪ | ১১′-০″ × ১০′-১১″ = ১১৬.৬ বর্গফুট | ৬০,০০০.০০ | ১,১৭,০০০.০০ | ১,০৫০.০০ | |
| ১৫. | | ১৫ | ৯′-১০″ × ১০′-১১″ = ১০৭.৩ বর্গফুট | ৫৫,০০০.০০ | ১,০৭,৫০০.০০ | ১,০০০.০০ | |

চলমান পাতা - ২ দ্রঃ

| ক্রমিক নং | ব্লক নং | দোকান নং | দোকানের আয়তন (বর্গফুট) | ৩ বছর মেয়াদের জন্য সালামীর পরিমাণ | ৬ বছর মেয়াদের জন্য সালামীর পরিমাণ | সর্বনিম্ন মাসিক ভাড়ার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১৬. | | ১৬ | ১০´-৫″×১০´-১১″ = ১০৯.৭ বর্গফুট | ৫৫,০০০.০০ | ১,১০,০০০.০০ | ১,০০০.০০ | |
| ১৭. | | ১৭ | ৯´-১০″×১০´-১১″ = ১০৫.৪ বর্গফুট | ৫৫,০০০.০০ | ১,০৫,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ১৮. | | ১৮ | ৯´-৫″×১০´-১১″ = ১০১.৭ বর্গফুট | ৫৫,০০০.০০ | ১,০২,০০০.০০ | ১,০০০.০০ | |
| ১৯. | | ১৯ | ৯´-৫″×১০´-১১″ = ১০২.৯ বর্গফুট | ৫৫,০০০.০০ | ১,০৩,০০০.০০ | ১,০০০.০০ | |
| ২০. | | ২০ | ১০´-৩″×১০´-১১″ = ১০৮.৩ বর্গফুট | ৫৫,০০০.০০ | ১,০৮,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ২১. | | ২১ | ১০´-৩″×১০´-১১″ = ১১০.২ বর্গফুট | ৬০,০০০.০০ | ১,১০,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ২২. | | ২২ | ১১´-০″×১০´-১১″ = ১১৭.৯ বর্গফুট | ৬০,০০০.০০ | ১,১৮,০০০.০০ | ১,০৫০.০০ | |
| ২৩. | | ২৩ | ১০´-৭″×৯´-১০″ = ১০৩.৬ বর্গফুট | ৫৫,০০০.০০ | ১,০৪,০০০.০০ | ১,০০০.০০ | |
| ২৪. | B | ২৪ | ১০´-৫″×৯´-১০″ = ১০১.১ বর্গফুট | ৫৫,০০০.০০ | ১,০১,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ২৫. | | ২৫ | ১০´-৫″×৯´-১০″ = ১০০.৯ বর্গফুট | ৫৫,০০০.০০ | ১,০১,০০০.০০ | ১,০০০.০০ | |
| ২৬. | | ২৬ | ৯´-৫″×৯´-১০″ = ৯২.৬ বর্গফুট | ৫০,০০০.০০ | ৯৩,০০০.০০ | ১,০০০.০০ | |
| ২৭. | | ২৭ | ৯´-৩″×৯´-১০″ = ৯১.০১ বর্গফুট | ৫০,০০০.০০ | ৯১,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ২৮. | | ২৮ | ৯´-৩″×৯´-১০″ = ৯০.৩ বর্গফুট | ৫০,০০০.০০ | ৯০,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ২৯. | | ২৯ | ১০´-৮″×৯´-১০″ = ১০৩.২ বর্গফুট | ৫৫,০০০.০০ | ১,০৩,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ৩০ | | ৩০ | ১০´-৮″×৯´-১০″ = ১০৩.২ বর্গফুট | ৫৫,০০০.০০ | ১,০৩,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ৩১. | | ৩১ | ৯´-১০″×৯´-১০″ = ৯৬.২ বর্গফুট | ৫০,০০০.০০ | ৯৬,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ৩২. | | ৩২ | ৯´-১০″×৯´-১০″ = ৯৫.১ বর্গফুট | ৫০,০০০.০০ | ৯৫,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ৩৩. | | ৩৩ | ৯´-১০″×৯´-১০″ = ৯৬.৪ বর্গফুট | ৫০,০০০.০০ | ৯৬,৫০০.০০ | ১,০০০.০০ | |
| ৩৪. | | ৩৪ | ২১´-৫″×৩০´-১″ = ৬৪০ বর্গফুট | ২,৯০,০০০.০০ | ৫,৭৬,০০০.০০ | ৫,৫০০.০০ | |
| ৩৫. | | ৩৫ | ৯´-১০″×৯´-৫″ = ৯২.৩ বর্গফুট | ৪৫,০০০.০০ | ৮৩,৫০০.০০ | ৮০০.০০ | |
| ৩৬. | | ৩৬ | ৯´-১০″×৯´-৫″ = ৯৯.৮ বর্গফুট | ৪৫,০০০.০০ | ৯০,০০০.০০ | ৮০০.০০ | |
| ৩৭. | | ৩৭ | ১০´-৮″×৯´-৫″ = ৯৯.৬ বর্গফুট | ৪৫,০০০.০০ | ৯০,০০০.০০ | ৮০০.০০ | |
| ৩৮. | | ৩৮ | ৯´-৩″×৯´-৫″ = ৮৬.৯ বর্গফুট | ৪০,০০০.০০ | ৭৮,৫০০.০০ | ৭০০.০০ | |
| ৩৯. | | ৩৯ | ৯´-৩″×৯´-৫″ = ৮৭.৩ বর্গফুট | ৪০,০০০.০০ | ৭৯,০০০.০০ | ৭০০.০০ | |
| ৪০. | C | ৪০ | ৯´-৫″×৯´-৫″ = ৮৮.৯ বর্গফুট | ৪৫,০০০.০০ | ৮০,৫০০.০০ | ৭০০.০০ | |
| ৪১. | | ৪১ | ১০´-৫″×৯´-৫″ = ৯৭.৩ বর্গফুট | ৪৫,০০০.০০ | ৮৮,০০০.০০ | ৮০০.০০ | |
| ৪২. | | ৪২ | ১০´-৫″×৯´-৫″ = ৯৭.৬ বর্গফুট | ৪৫,০০০.০০ | ৮৮,০০০.০০ | ৮০০.০০ | |
| ৪৩. | | ৪৩ | ১০´-৭″×৯´-৫″ = ৯৯.৫ বর্গফুট | ৪৫,০০০.০০ | ৯০,০০০.০০ | ৮০০.০০ | |
| ৪৪. | | ৪৪ | ৮´-২″×২১´-১০″ = ১৭৪ বর্গফুট | ৮০,০০০.০০ | ১,৫৭,০০০.০০ | ১,৪০০.০০ | |
| ৪৫. | | ৪৫ | ৯´-১০″×১০´-৬″ = ৯৯.৪ বর্গফুট | ৪৫,০০০.০০ | ৮৯,৫০০.০০ | ৮০০.০০ | |
| ৪৬. | | ৪৬ | ৯´-১০″×১০´-১১″ = ১০৬ বর্গফুট | ৫০,০০০.০০ | ৯৫,৫০০.০০ | ৯০০.০০ | |

## শর্তাবলী

০১. উদ্ধৃত সালামী ৩ বছর অথবা ৬ বছর মেয়াদের জন্য নির্ধারিত অর্থ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে প্রশাসক, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়-এর অনুকূলে দাখিল এবং জাতীয় পরিচয় পত্রের (NID) ফটোকপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০২. আগ্রহী ব্যক্তিগণ সরজমিনে পরিদর্শন করে দোকানের অবস্থান ও পরিমাপ জানতে পারবেন।

০৩. একটি দোকানের জন্য একাধিক আবেদনকারী হলে লটারীর মাধ্যমে দোকান বরাদ্দ প্রদান করা হবে এবং লটারী অনুষ্ঠানের সময় দরদাতা/ তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

০৪. অকৃতকার্য দরদাতাদের সালামীর উদ্ধৃত দরের সাথে দাখিলকৃত ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে।

০৫. সরকারি নিয়মানুযায়ী বরাদ্দ গ্রহিতার উপর ভ্যাট ও উৎসকর প্রযোজ্য হলে উহা প্রদান করতে হবে।

০৬. বর্ণিত শর্তাবলীসহ সিডিউলের সঙ্গে সরবরাহকৃত বিস্তারিত শর্তাবলী প্রযোজ্য হবে।

০৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮. ইজারা দরপত্র সংক্রান্ত সকল শর্তাবলী এবং অন্যান্য তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে পৌরসভা কার্যালয়ের সাধারণ শাখা হতে বিস্তারিতভাবে জানা যাবে।

১৩/৫/২৫

(সীমা শারমিন)
প্রশাসক
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।

চলমান পাতা - ৩ দ্রঃ

স্মারক নং- পঞ্চঃপৌরঃ/মার্কেট/২-১৪৬৯/২০২৫/৩১৮ তারিখ-১৯/০৬/২০২৫ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৪। পুলিশ সুপার, পঞ্চগড়।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পঞ্চগড়।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়।
০৭। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
০৯-১৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত/সড়ক ও জনপথ/ফ্যাসিলিটিজ/পানি উন্নয়ন বোর্ড, পঞ্চগড়।
১৪-২২। জনাব ........................................................................, সদস্য, পৌরসভা সহায়তা কমিটি, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।
২৩। সহকারী কমিশনার (ভূমি), পঞ্চগড় সদর, পঞ্চগড়।
২৪। অফিসার ইন-চার্জ, পঞ্চগড় সদর থানা, পঞ্চগড়।
২৫। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়। তাঁকে অত্র বিজ্ঞপ্তিটি ওয়েব সাইডে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২৬। জেলা তথ্য অফিসার, পঞ্চগড়। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২৭-২৮। নির্বাহী প্রকৌশলী/পৌর নির্বাহী কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।
২৯-৩০। হিসাবরক্ষণ কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।
৩১। সাব-রেজিষ্টার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
৩২। সভাপতি/ সম্পাদক, চেম্বার অব কমার্স, পঞ্চগড়।
৩৩-৩৪। সভাপতি/ সম্পাদক, পঞ্চগড় প্রেসক্লাব/ বণিক সমিতি, পঞ্চগড়।
৩৫। প্রধান সহকারী, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।
৩৬। সভাপতি/সম্পাদক,........................................................................ তাঁকে অত্র বিজ্ঞপ্তিখানা অনুলিপি অংশ ছাড়া তাঁর পত্রিকার ভেতরের পাতায় ১ (এক) দিনের জন্য প্রচারের নিমিত্তে অনুরোধ করা হল।
৩৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পঞ্চগড় পৌর ভূমি অফিস, পঞ্চগড়।
৩৮-৪৯। জনাব ..................................................................................................................................।
৫০। নোটিশ বোর্ড/ অফিস কপি, অত্র দপ্তর।

১৯/৬/২৫

(সীমা শারমিন)
প্রশাসক
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।

# পঞ্চগড় পৌরসভার নব-নির্মিত পৌর সুপার মার্কেট-এর দোকান ঘর বরাদ্দের বিস্তারিত শর্তাবলী

০১. দোকান বরাদ্দের জন্য আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জাতীয় পরিচয় পত্র (NID) ও নাগরিকত্ব সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০২. পৌরসভা কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

০৩. দরদাতার দর উদ্ধৃত দর অংক ও কথায় স্পষ্ট করে লিখতে হবে। দরদাতাকে উদ্ধৃত সালামী ৩ বছর অথবা ৬ বছর মেয়াদের জন্য নির্ধারিত অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রশাসক, পঞ্চগড় পৌরসভার অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৪. একটি দোকানের জন্য একাধিক আবেদনকারী হলে লটারীর মাধ্যমে দোকান বরাদ্দ প্রদান করা হবে।

০৫. বরাদ্দ গ্রহিতা বরাদ্দ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বরাদ্দ গ্রহণে অস্বীকৃতি জানালে ২য় সর্বোচ্চ দরদাতা অথবা লটারীতে ২য় বিজয়ীর নিকট দোকান বরাদ্দ প্রদান করা হবে।

০৬. ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্রের পর বরাদ্দ গ্রহিতাকে দোকানের দখল বুঝে দেওয়া হবে। দোকান বুঝে দেয়ার তারিখ হতে ভাড়া আদায় যোগ্য হবে।

০৭. বরাদ্দ গৃহিতাকে প্রতি মাসের ভাড়া পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে পরিশোধ করতে হবে।

০৮. বরাদ্দ গৃহিতা যদি স্বেচ্ছায় দোকান পৌরসভার নিকট সমর্পণ (সারেন্ডার) করেন, তাহলে জমাকৃত সেলামীর ২৫% টাকা কর্তন পূর্বক অবশিষ্ট অর্থ বরাদ্দ গৃহিতাকে ফেরৎ প্রদান করা হবে।

০৯. বরাদ্দ গ্রহিতা পৌরসভার লিখিত অনুমতি ব্যতিরেকে অন্য কারো নিকট দোকান হস্তান্তর বা ভাড়া দিতে পারবে না। অত্র পৌরসভার লিখিত পূর্বানুমতিক্রমে ১২ মাসের ভাড়ার সমপরিমাণ টাকা হস্তান্তর ফি এবং ০২ (দুই) মাসের ভাড়া সমপরিমাণ টাকা অনুমতি ফি হিসাবে জমা প্রদান করে অন্যত্র হস্তান্তর করতে পারবেন।

১০. বরাদ্দ গ্রহিতাকে নিজ ব্যয়ে দোকানের সকল প্রকার মেরামত করতে হবে।

১১. পৌরসভার লিখিত পূর্বানুমতি ব্যতিরেকে বরাদ্দ গ্রহিতা বরাদ্দকৃত দোকানের অবকাঠামোগত কোন মৌলিক পরিবর্তন বা পরিবর্ধন করতে পারবেন না।

১২. যে ব্যবসার জন্য দোকান বরাদ্দ দেয়া হবে, সে ব্যবসা ব্যতিত অন্য কোন ব্যবসার জন্য দোকান ব্যবহার করা যাবে না। তবে কেউ যদি ব্যবসার ধরন পরিবর্তন করতে চান তাহলে পৌর কর্তৃপক্ষের লিখিত অনুমতিক্রমে পৌর নিয়মানুযায়ী পরিবর্তন করতে পারবেন।

১৩. দোকানের বিষয়ে পৌরসভা কর্তৃক ধার্য্যকৃত সার্ভিস চার্জ, বিদ্যুৎ বিল, পানির বিল, গ্যাসের বিল, টেলিফোন বা অন্যান্য সার্ভিস (যদি থাকে) প্রতি মাসে নিয়মিতভাবে পরিশোধ করতে হবে।

১৪. পৌর কর্তৃপক্ষ যে কোন যুক্তিসংগত সময় দোকান পরিদর্শন করতে পারবেন। এতে বরাদ্দ গ্রহিতা কোনো আপত্তি করতে পারবেন না এবং বরাদ্দ গ্রহিতা পৌর কর্তৃপক্ষের নির্দেশ মানতে বাধ্য থাকবেন।

১৫. প্রতি ৩ বছর পর পর নতুনভাবে দোকান ঘর বরাদ্দ/নবায়ন করতে হবে এবং দোকান বরাদ্দ কমিটির সুপারিশক্রমে প্রতি ৩ (তিন) বছর পর পর কমপক্ষে শতকরা ১০ (দশ) ভাগ হারে মাসিক ভাড়া বৃদ্ধি করা হবে।

১৬. জনস্বার্থে কোনো অত্যাবশ্যক কারণে পৌর কর্তৃপক্ষের দোকান দখল ফেরৎ নেওয়ার প্রয়োজন হলে পৌরসভার পাওনা ব্যতিরেকে সালামীর টাকা ফেরৎ প্রদান সাপেক্ষে ৩ (তিন) মাসের নোটিশে বরাদ্দ গ্রহিতা দোকান ফেরৎ দিতে বাধ্য থাকবে।

১৭. বরাদ্দ গ্রহিতার নিকট হতে যাবতীয় বকেয়া ভাড়া বা অন্যান্য পাওনা পাবলিক ডিমান্ডস রিকভারী এ্যাক্ট,১৯১৩ অনুযায়ী আদায় করা হবে।

২০. বরাদ্দ গ্রহিতা চুক্তি পত্রের শর্ত ভঙ্গ করলে পৌর কর্তৃপক্ষ বরাদ্দ বাতিলসহ দোকানের দখল নিতে পারবেন।

২১. ৬ (ছয়) মাসের অধিক মাসিক ভাড়া থাকলে পৌর কর্তৃপক্ষ দোকান বরাদ্দ বাতিলসহ দোকানের দখল নিতে পারবেন এবং উক্ত ভাড়ার টাকা সালামীর টাকা হতে সমন্বয় করা হবে।

২২. দোকান বরাদ্দ গ্রহিতা কোনো অবস্থাতেই সরকার কর্তৃক নিষিদ্ধ মালামাল দোকানে রাখতে পারবেন না।

২৩. বরাদ্দ গ্রহিতা দোকানের সামনের করিডোর/ বারান্দায় কোনো মালামাল রাখতে পারবেনা না।

২৪. দোকান ঘর বড় ধরনের কারণ ব্যতিত বন্ধ রাখা যাবে না। দরপত্র দলিলের প্রতি পাতায় দরদাতাকে স্বাক্ষর করতে হবে।

২৫. সরকারি নিয়মানুযায়ী বরাদ্দ গ্রহিতার উপর ভ্যাট ও উৎসকর প্রযোজ্য হলে উহা প্রদান করতে হবে।

২৬. নব-নির্মিত মার্কেটটি জনমূখী, জনসমাগম ও সচল রাখতে- মেডিসিন, ফাস্টফুড (কনফেকশনারী), কসমেটিকস্, মিষ্টান্ন, গার্মেন্টস, জুতা,স্টেশনারী,কম্পিউটার/ফটোকপিসহ দৈনন্দিন প্রয়োজনীয় এমন পণ্য বেচাকেনার জন্য ব্যবসায়ীদের ১ম অগ্রাধিকার দেওয়া হবে।

২৭. পৌরসভার পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা'২০০৩ অনুযায়ী দোকান বরাদ্দ গ্রহিতার সঙ্গে চুক্তিপত্র সম্পন্ন করা হবে।

২৮. উপর্যুক্ত শর্ত ছাড়াও বরাদ্দ প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তির শর্তাবলী প্রযোজ্য হবে।

২৯. উপর্যুক্ত শর্তাবলীর মধ্যে কোনো মত পার্থক্য দেখা দিলে পৌর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৩০. পৌর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল দরপত্রের দর গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৩১. এ নোটিশ দরপত্র সিডিউলের অংশ হিসাবে গণ্য হবে।

১৫/৫/২৫

(সীমা শারমিন)
প্রশাসক
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।